

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৫২৮

আগরতলা, ১০ মার্চ, ২০২৬

স্বল্প সঞ্চয় প্রকল্পগুলির প্রসারে মহিলাদের  
গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : অর্থমন্ত্রী

রাজ্যে স্বল্প সঞ্চয় প্রকল্পগুলির প্রসারে মহিলাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাদের সক্রিয় অংশগ্রহণের ফলেই বর্তমানে রাজ্যে প্রায় ৫০০ কোটি টাকার লেনদেন হচ্ছে এই প্রকল্পগুলির মাধ্যমে। আজ প্রজ্ঞাভবনে ইন্সটিটিউশনাল ফিন্যান্স এবং সোশ্যাল অডিট দপ্তরের উদ্যোগে আয়োজিত আন্তর্জাতিক নারী দিবসের বিশেষ অনুষ্ঠানের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, স্বল্প সঞ্চয় প্রকল্পগুলি আরও জনপ্রিয় করে তুলতে রাজ্য সরকার বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করেছে। রাজ্যে নারীদের স্বশক্তিকরণে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প রূপায়ণ করেছে। ফলে রাজ্যের নারীগণ অর্থনৈতিক দিক দিয়ে স্বাবলম্বী ও আত্মনির্ভর হচ্ছেন। অর্থমন্ত্রী আশা প্রকাশ করেন, রাজ্যের নারীরা রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ গ্রহণ করে অর্থনৈতিকভাবে আরও স্বাবলম্বী হবেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়। সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন ইন্সটিটিউশনাল ফিন্যান্স দপ্তরের অধিকর্তা রাখী বিশ্বাস। অনুষ্ঠানে আগরতলা শহরের এক মহিলা অটোচালককে অর্থমন্ত্রী সংবর্ধনা জানান। স্বল্প সঞ্চয়ের এজেন্টদেরও সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমলপুর ডিগ্রি কলেজের অ্যাসোসিয়েট প্রফেসর অপর্ণা দে, দপ্তরের যুগ্ম অধিকর্তা অ্যামেলিয়া রিয়াং প্রমুখ।

\*\*\*\*\*